

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৫৪) হাদীছ থেকে আল্লাহর সুন্দর নামসমূহ থেকে কতিপয় সুন্দর নাম উল্লেখ করুন

উত্তরঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর পবিত্র জবানীতেও আল্লাহর অনেক সুন্দর নাম বর্ণিত হয়েছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বাণীঃ

(لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ الْعَلِيمُ الْحَلِيمُ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ لاَ إِلهَ إِلاَّ اللَّهُ رَبُّ السَّمَوَاتِ وَرَبُّ الأَرْضِ رَبُّ الْعَرْشِ الْكَرِيم)

"আল্লাহ ব্যতীত কোন সত্য মাবুদ নেই। যিনি عليم (মহাজ্ঞাণী), كَلَيْم (সহিষ্ণু)। আল্লাহ ব্যতীত কোন সত্য মাবুদ নেই। যিনি আরশে আযীমের মালিক। আল্লাহ ব্যতীত কোন সত্য মাবুদ নেই। আসমানসমূহ ও যমীনের মালিক এবং যিনি মর্যাদাবান আরশের মালিক"।[1] রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর বাণীঃ

(يَا حَيُّ يَا قَيُّومُ يَا ذَا الْجَلاَلِ وَالإِكْرَامِ يَا بَدِيعَ السَّمَوَاتِ وَالأَرْضِ)

''ইয়া হাইয়ুা! (চিরঞ্জিব) ইয়া কাইয়ুমুে! (রক্ষক), ইয়া যাল যালালি ওয়াল ইকরাম! (মহা সম্মানের অধিকারী) ইয়া বাদীউস্ সামাওয়াতি ওয়াল আর্যি! (আকাশসমূহ ও পৃথিবীর স্রস্তা) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর বাণীঃ

(بِسْمِ اللَّهِ الَّذِي لاَ يَضُدُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الأَرْضِ وَلاَ فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ)

"আমি শুরু করছি সেই আল্লাহর নামে, যার নামের সাথে পৃথিবী ও আকাশের কোন জিনিষ ক্ষতি সাধন করতে পারে না, এবং তিনিই سَمِيع (সর্বশ্রোতা) ও عَلِيم (সর্বশ্রোতা) عَلِيم (সর্বশ্রোতা) عَلِيم (সর্বশ্রোতা) ও عَلِيم

(اللَّهُمَّ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَاطِرَ السَّمَوَات وَالأَرْض رَبَّ كُلِّ شَيْءٍ وَمَلِيكَهُ)

"হে আল্লাহ! অদৃশ্য ও দৃশ্য জগৎ সম্পর্কে অবগত, আসমানসমূহ ও যমীনের স্রষ্টা, সব কিছুর প্রতিপালক (ربر) ও মালিক (كاك)" [3] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু'আয় বলতেনঃ

(اللَّهُمَّ رَبَّ السَّمَوَاتِ وَرَبَّ الأَرْضِ وَرَبَّ الْعَرْشِ الْعَظِيمِ رَبَّنَا وَرَبَّ كُلِّ شَيْءٍ فَالِقَ الْحَبِّ وَالنَّوَى وَمُنْزِلَ التَّوْرَاةِ وَالإِنْجِيلِ وَالْفُرْقَانِ أَعُوذُ بِكَ مِنْ شَرِّ كُلِّ شَيْءٍ أَنْتَ آخِذٌ بِنَاصِيَتِهِ اللَّهُمَّ أَنْتَ الأَوَّلُ فَلَيْسَ قَبْلَكَ شَيْءٌ وَأَنْتَ الآخِرُ فَلَيْسَ بَعْدَكَ شَيْءٌ وَأَنْتَ الظَّاهِرُ فَلَيْسَ فَوْقَكَ شَيْءٌ وَأَنْتَ الْبَاطِنُ فَلَيْسَ دُونَكَ شَيْءٌ)

"হে আল্লাহ! আকাশমন্তলী, পৃথিবী, আরশে আযীমের رَبّ (অধিপতি)। হে আমাদের ও সকল বস্তুর প্রতিপালক! হে رَبّ (অধিপতি)। হে আমাদের ও সকল বস্তুর প্রতিপালক! হে رَبّ (দানা ও বীজ উৎপাদনকারী) তাওরাত, ইনজীল ও কুরআন অবতীর্ণকারী। আমি তোমার নিকট প্রত্যেক অনিষ্টকারীর অনিষ্ট হতে আশ্রয় প্রার্থনা করছি, যার ললাটের কেশগুচ্ছ তুমি ধারণ করে আছ। হে আল্লাহ! আপনিই أُوّل (প্রথম)। আপনার পূর্বে কেউ ছিল না। আপনিই المؤر প্রকাশমান), আপনার উপরে আর কেউ নেই। আপনিই يَالِمُ



(অপ্রকাশমান), কোন কিছুই আপনার জ্ঞান থেকে অপ্রকাশ্য নয়"।[4] অর্থাৎ অপ্রকাশ্য সকল বস্তু সম্পর্কে আপনি পূর্ণ অবগত আছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ أَنِّي أَشْهَدُ أَنَّكَ أَنْتَ اللَّهُ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ الأَّحَدُ الصَّمَدُ الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ)

"হে আল্লাহ! আমি আপনার কাছে এ কথার সাক্ষেয়র উসীলা দিয়ে প্রার্থনা করছি যে, আপনিই আল্লাহ। আপনি ছাড়া সত্য কোন মা'বুদ নেই। আপনি একক ও অমুখাপেক্ষী। যিনি কাউকে জম্ম দেন নি এবং কেউ যাকে জন্ম দেয়নি। আর তাঁর সমতুল্য কেউ নেই"।[6]

(يَا مُقَلِّبَ الْقُلُوبِ ثَبِّتْ قَلْبِيْ عَلَى دِيْنِكَ)

''ইয়া مُقَلِّب الْقُلُوْب (হে অন্তর পরিবর্তনকারী)! আমার অন্তরকে আপনার দ্বীনের উপর প্রতিষ্ঠিত রাখুন''।[7]

ফুটনোট

- [1] বুখারী, অধ্যায়ঃ কিতাবুদ্ দাওয়াত।
- [2] আবু দাউদ, অধ্যায়ঃ কিতাবুল আদাব, ইবনে মাজাহ, অধ্যায়ঃ কিতাবুদ্ দুআ। হাকেম সহীহ বলেছেন, (১/৫১৪)।
- [3] তিরমিয়ী, অধ্যায়ঃ কিতাবুদ্ দাওয়াত। তিনি বলেনঃ হাদীছটি হাসান সহীহ, ইমাম হাকেম তার মুসতাদরাকে বর্ণনা করে সহীহ বলেছেন, (১/৫৩) ইমাম যাহাবীও তাতে একমত পোষণ করেছেন।
- [4] সহীহ মুসলিম, অধ্যায়ঃ কিতাবুয্ যিক্র ওয়াদ্ দু'আ।
- [5] তিরমিয়ী, অধ্যায়ঃ কিতাবুদ্ দাওয়াত। ইমাম তিরমিয়ী বলেনঃ হাদীছটি হাসান সহীহ।
- [6] তিরমিয়ী, অধ্যায়ঃ কিতাবুদ্ দাওয়াত। ইমাম তিরমিয়ী বলেনঃ হাদীছটি হাসান গরীব। ইমাম আলবানী সহীহ বলেছেন। দেখুনঃ সহীহুত তারগীব ওয়াত তারগীব, হাদীছ নং- ১৬৪০
- [7] তিরমিযী, অধ্যায়ঃ কিতাবুদ্ দাওয়াত। ইমাম তিরমিয়ী বলেনঃ হাদীছটি হাসান।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=11868

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন